# একটি স্কুল প্রয়োজন?

## আপনার জন্য আমাদের একটি আসন আছে!

#### আর্লি চাইল্ডহুড প্রোগ্রামসমূহ 3-K এবং প্রি-K

যে ক্যালেন্ডার বছরে ছেলেমেয়েরা তিন বছর বয়সী হয়, তখন তারা 3-K শুরু করতে পারে। যে ক্যালেন্ডার বছরে ছেলেমেয়েরা চার বছর বয়সী হয়, তখন তারা প্রি-K শুরু করতে পারে।

পরিবারেরা অনলাইনে

MySchools.nyc -এ বিভিন্ন বিকল্প অন্বেষণ এবং বিভিন্ন প্রোগ্রামের অপেক্ষা-তালিকা বা ওয়েটলিস্টে যোগ দিতে পারেন।

কিছু 3-K এবং প্রি-K প্রোগ্রাম পরিবারের আয় ও চাহিদার ভিত্তিতে সারা বছর দৈনিক সর্বোচ্চ 10 ঘণ্টা পর্যন্ত সেবা ও শিক্ষা অফার করে— আরো জানতে nyc.gov/PreK অথবা nyc.gov/3K দেখুন।

#### এলিমেন্টারি স্কুল কিন্ডারগার্টেন থেকে 5 গ্রেড

মিডল্ স্কুল 6 থেকে 8 গ্রেড

হাই স্কুল 9 থেকে 12 গ্রেড

ছেলেমেয়েরা যে ক্যালেন্ডার বছরে পাঁচ বছর বয়সী হয়, সেবছর কিন্ডারগার্টেন শুরু করে। যেসব শিক্ষার্থী পঞ্চম (5) গ্রেড শেষ করেছে তারা মিডল্ স্কুল শুরু করে। অধিকাংশ ছেলেমেয়ে তাদের জোনভুক্ত এলিমেন্টারি অথবা মিডল স্কুলে যায়—আপনারটি schoolsearch.schools.nyc -এ খুঁজে নিন।



একটি জোনভুক্ত স্কুল আছে এবং সেটাতে পড়াশোনা করতে চান? ঐ স্কুলের সাথে সরাসরি এনরোল করুন।



কোনো জোনভুক্ত স্কুল নেই কিংবা অন্য বিকল্পগুলো অন্বেষণ করতে আগ্রহী? প্রোগ্রামগুলোর সাথে সরাসরি যোগাযোগ করুন অথবা একটি ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে (on.nyc.gov/FWC) দেখা করুন।

যেসব শিক্ষার্থী অষ্টম (৪) গ্রেড শেষ করেছে তারা হাই স্কুল শুরু করে। অনলাইনে MySchools.nyc-এ বিভিন্ন হাই স্কুল এবং প্রোগ্রাম অনুসন্ধান করুন। এরপর আপনার বিকল্পসমূহ এবং নথিভুক্তি (এনরোল) নিয়ে আলোচনা করতে একটি ফ্যামিলি ওয়েলকাম সেন্টার-এ (on.nyc.gov/FWC) আসুন।



#### 3-K, প্রি–K, কিন্ডারগার্টেন, 6 গ্রেড, অথবা 9 গ্রেডে প্রবেশকারী শিক্ষার্থীদের জন্য:

আবেদন উন্মুক্ত হয়েছে অথবা অপেক্ষা-তালিকা বা ওয়েটলিস্ট প্রকাশ করেছে কিনা তা জানতে on.nyc.gov/Enrollment দেখুন—সেসময়ে আবেদন করতে অথবা আপনার সন্তানকে প্রোগ্রামগুলোর অপেক্ষা-তালিকায় যোগ করতে মাইস্কুলস ব্যবহার করতে পারেন।



#### যোগ্য পরিবারদের জন্য চাইল্ড কেয়ার

NYC ব্রাইটস্টার্টস্ প্রোগ্রামগুলো 6 সপ্তাহ থেকে 2 বছর বয়সীদের সারা বছর প্রতিদিন 10 ঘণ্টা পর্যন্ত পরিষেবা দেয়। যোগ্যতা নির্ভর করে আয় এবং চাহিদার উপর। আরও জানতে on.nyc.gov/BrightStarts দেখুন।





### আপনার ডিস্ট্রিক্ট এবং জোনভুক্ত স্কুল খুঁজে নিন

অধিকাংশ শিক্ষার্থী তাদের জোনভুক্ত এলিমেন্টারি এবং মিডল্ স্কুলে পড়ালেখা করে। আপনি কোন ডিস্ট্রক্টে বাস করেন, আপনার একটি জোন স্কুল আছে কিনা, এবং সে স্কুলের যোগাযোগের তথ্য জানতে 311-এ ফোন করুন অথবা schoolsearch.schools.nyc -এ আপনার ঠিকানা উল্লেখ করুন।

আপনার যদি কোনো জোনভুক্ত স্কুল না থাকে, আপনি নথিভুক্ত বা এনরোল হতে স্কুলগুলোর সাথে সরাসরি যোগাযোগ করতে, অথবা আপনার স্কুল সংক্রান্ত অপশনগুলো জানতে একটি ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে যেতে পারেন।



## আপনার স্থানীয় ফ্যামিলি ওয়েলকাম সেন্টার খুঁজুন

ফ্যামিলি ওয়েলকাম সেন্টারগুলি সারা বছরব্যাপী NYC পরিবারদের নথিভুক্তি ও ভর্তি সংক্রান্ত পরিষেবা প্রদান করে। আমরা প্রতিটি বরোতে অবস্থিত এবং বছরব্যাপী সোমবার থেকে শুক্রবার খোলা থাকে। অনুগ্রহ করে সময়সূচি এবং ঠিকানা সম্পর্কিত সর্ব-সাম্প্রতিক তথ্যের জন্য on.nyc.gov/FWC দেখুন।

আমাদের সাথে যোগাযোগ কিংবা দেখার করার সময়, অনুগ্রহ করে আমাদের জানাবেন:

- আপনার সন্তানের প্রথম নাম, শেষ নাম, এবং জন্মতারিখ
- যদি অন্য ভাষায় সহায়তা প্রয়োজন হয়
- যদি আপনার (সম্ভানের পিতামাতা/অভিভাবক) বধিরতা থেকে থাকে অথবা শুনতে সমস্যা হয়

স্থুলে রেজিস্টার করার সময় কী কী আনতে হবে, তা জানতে on.nyc.gov/NewStudents দেখুন।



## স্কুল খুঁজতে এবং আবেদন করতে মাইস্কুলস্ ব্যবহার করুন

🗩 MySchools.nyc হচ্ছে NYC পাবলিক স্কুল ও প্রোগ্রামগুলোর একটি অনুসন্ধানযোগ্য অনলাইন ডিরেক্টরি, এবং এর পাশাপাশি পরিবারদের জন্য একটি ব্যক্তিগতকৃত আবেদন করার সিস্টেম বা পদ্ধতি।

- আমাদের পাবলিক ডিরেক্টরিগুলো বছরের যেকোনো সময় স্কুলের অপশনগুলো অন্বেষণ করুন।
- আবেদন উন্মুক্ত হলে স্কুলে আবেদনের জন্য একটি অ্যাকাউন্ট তৈরি করুন।
- সময়মতো আবেদন করতে পারেননি? যখন অপেক্ষা-তালিকা (ওয়েটলিস্ট) উন্মুক্ত হবে, তখন আপনি আপনার সন্তানকে প্রোগ্রামের অপেক্ষা-তালিকায় যোগ করতে মাইস্কুলস্ ব্যবহার করতে পারেন।
- কখন আবেদন ও অপেক্ষা-তালিকা (ওয়েটলিস্ট) উন্মুক্ত হবে, তা জানতে on.nyc.gov/Enrollment দেখুন।
- অপেক্ষা-তালিকা (ওয়েটলিস্ট) সম্পর্কে আরও জানতে schools.nyc.gov/Waitlists দেখুন।



